# তারাগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনিছুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তারাগঞ্জ, রংপুর।

তারিখ ও সময় : ৩১.০১.২০২৩ খ্রি., বিকাল ০৩:০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

[সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে]

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ নিজ বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

**আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ :**

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, জনসাধারণের মাঝে কোভিড টিকা ১৭ বছরের উর্ধ্বে ১ম ডোজ ৮৯%, ২য় ডোজ ৭৮.৭% ও বুস্টার ডোজ ৩৮.৬% প্রদান, ১২-১৭ বছরে মধ্যে ১ম ডোজ ৯৫% ও ২য় ডোজ ৮৪.২% এবং ৫.১১ বছরে মধ্যে প্রদান ১ম ডোজ ৮২% ও ২য় ডোজ সম্পন্ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া নরমাল ডেলিভারি বাচ্চাদের সমাজসেবা অফিসের সহায়তায় উপহার সামগ্রী প্রদান করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বর্তমান কৃষি বান্ধব সরকার কৃষিকে ব্যয়সাশ্রয়ী, যান্ত্রিকীকরণ ও আধুনিকরণ করার লক্ষে ভর্তুকি মূল্যে কৃষক পর্যায়ে কৃষি যন্ত্রপাতি সরবরাহ, সমন্বিত যান্ত্রিক খামার বাস্তবায়ন, সমলয় চাষে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর আওতায় সারাদেশে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলা পর্যায়ে ১২০০ বর্গফুট আয়তনের কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের নির্দেশনা রয়েছে। উক্ত প্রকল্পের অর্থায়নে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিস সংলগ্ন ১২০০ বর্গফুট আয়তনের স্থান বরাদ্দের জন্য অনুরোধ জানান।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিস সংলগ্ন পশ্চিমদিকে সমাজসেবা কার্যালয়ের পরিত্যক্ত ভবনের জায়গায় ১২০০ বর্গফুট আয়তনের মধ্যে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করা যেতে পারে মর্মে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর আওতায় সারাদেশে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের অর্থায়নে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিস সংলগ্ন পশ্চিমদিকে সমাজসেবা কার্যালয়ের পরিত্যক্ত ভবনের জায়গায় ১২০০ বর্গফুট আয়তনের মধ্যে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ, রংপুর জানান, গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় মাঠ কর্মী স্ব স্ব এলাকায় কাজ করছেন। তিনি প্রতিটি ইউনিয়নে দায়িত্বরত মাঠকর্মীদের কার্যক্রম মনিটরিং করাসহ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ প্রদান করছে। এছাড়া এ উপজেলায় (ক) লাইভস্টক এন্ড ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) (খ) পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (গ) জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প (ঘ) ঘাষ চাস সম্প্রসারণ প্রকল্প এবং (ঙ) ব্লাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পসমূহ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর জানান যে, এ উপজেলার সহকারী শিক্ষকের শূন্যপদে ০৪ জন এবং নবসৃষ্ট (প্রাক-প্রাথমিক) সহকারী শিক্ষক পদে ৩৫ (পঁয়ত্রিশ) জন গত ২২.০১.২০২৩ তারিখে যোগদান করেছেন। উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় জুলাই-ডিসেম্বর/২০২২ পর্যন্ত উপবৃত্তি বিতরণ শুরু হয়েছে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় কর্তৃক ৩৫টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর। |
| ০৫ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার। |
| ০৬ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, এ উপজেলায় আর্থ-সামাজিক উন্নয়নে তিনি এবং মাঠকর্মীগণ কাজ করছেন। তিনি বলেন, প্রশিক্ষণ কার্যক্রম, আত্মকর্মী, যুব ঋণ কার্যকম চলামান রয়েছে। এছাড়া রেজিস্ট্রেশনভুক্ত যুব সংগঠন রয়েছে মর্মে সভায় অবহিত করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার, তারাগঞ্জ |
| ০৮ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গর্ভকালীন সেবা, প্রসবকালী সেবা এবং প্রসবোত্তর সেবা প্রদান করে আসছে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ |
| ০৯ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১০ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ |
| ১১ | **উপজেলা সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, তার কার্যালয়ের আওতায় মোট সমবায় সমিতির সংখ্যা ২০৪টি। আশ্রয়ণভুক্ত সমবায় সমিতির সংখ্যা ১১টি। তিনি জানান, উক্ত সমিতির সদস্যদের অনুকূলে ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ |
| ১৩ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :<br>উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ও অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী তারাগঞ্জ, রংপুরসহ সংশ্লিষ্ট সকল |
| ১৪ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ- সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) তারাগঞ্জ। |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, জাতীয় শিক্ষক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা হতে প্রাপ্ত ২০২৩ শিক্ষাবর্ষের মাধ্যমিক স্তরের ১,৪৭,৭৯০টি, দাখিল স্তরের ৪২,৭৪৫টি, এবতেদায়ী স্তরের ৪৩,১৪০টি এবং এসএসসি (ভোকেশনাল) স্তরের ৯,৩০০টি পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। তিনি জানান, নতুন কারিকুলাম অনুযায়ী মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ শ্রেণির কোন বই এখনও পাওয়া যায়নি এবং ৭ম শ্রেণির ০৬টি বিষয়ের বই পাওয়া গেছে। এ উপজেলার ৩৪৭ জন শিক্ষককে ০৬.০১.২০২৩ হতে | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তারাগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ১৫.০১.২০২৩ তারিখ পর্যন্ত ০৫ দিনব্যাপী কারিকুলাম বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা এ উপজেলার ০৩টি ভেন্যুতে সুষ্ঠুভাবে সম্পন্নসহ ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | | |
| ১৬ | **ফরেস্টার, বন বিভাগ :**<br>উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ। |

## উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহ :

| | | | |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ :**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলায় এসভিআরএস প্রকল্পের আওতায় ০২টি নির্বাচিত নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টারের মাধ্যমে তথ্য সংগ্রহ করে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া দাগগুচ্ছ জরিপ-১ম পর্ব তথ্য সংগ্রহ, আলু ফসলের ২য় পূর্বাভাস প্রেরণ এবং বিভিন্ন প্রকার স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব তৈরি করে জেলা অফিসে প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০২ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ সভায় বলেন, বর্তমানে ওএমএস এবং খাদ্যবান্ধব কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ। |
| ০৩ | **উপজেলা আনসার ভিডিপি বিভাগ :**<br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), তারাগঞ্জ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তারাগঞ্জ। |
| ০৪ | **উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক :**<br>শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার), উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তারাগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ০৫ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ জোন |
| ০৬ | **দারিদ্র বিমোচন বিভাগ :**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, তারাগঞ্জ সভায় বলেন, আর্থ-সামাজিক উন্নয়নে ঋণ প্রদানসহ ঋণ আদায় কার্যক্রম চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্ত বায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ০৭ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সভায় জানান যে, প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায় নের সিদ্ধান্ত গৃহীত হয় | ডিভলোমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) |
| ০৮ | **উপজেলা তথ্যসেবা বিভাগ :**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ০৯ | **উপজেলা নির্বাচন বিভাগ :**<br>উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, ০২.০৯.২০২২ হতে ১৬.০৯.২০২২ তারিখ পর্যন্ত ভোটার তালিকা হালনাগাদ করণের লক্ষে ইউনিয়নে ইউনিয়নে গমনপূর্বক ছবি উত্তোলন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ। |
| ১০ | **উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর :**<br>সহকারী প্রোগ্রামার (এপি), তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, তারাগঞ্জ, রংপুর |
| ১১ | **চেয়ারম্যান, ০১নং আলমপুর ইউপি :**<br>চেয়ারম্যান, ১নং আলমপুর ইউপি ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান আলমপুর ইউপি, তারাগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **চেয়ারম্যান, ০২নং কুর্শা ইউপি :**<br>চেয়ারম্যান, ২নং কুর্শা ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট স্ব স্ব কর্তৃপক্ষসহ চেয়ারম্যান কুর্শা ইউপি, তারাগঞ্জ। |
| ১৩ | **চেয়ারম্যান, ০৩নং ইকরচালী ইউপি :**<br>চেয়ারম্যান, ৩নং ইকরচালী ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ চেয়ারম্যান, ইকরচালী ইউপি |
| ১৪ | **চেয়ারম্যান, ০৪নং হাড়িয়ারকুঠি ইউপি :**<br>চেয়ারম্যান, ৪নং হাড়িয়ারকুঠি ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান হাড়িয়ারকুঠি ইউপি। |
| ১৫ | **চেয়ারম্যান, ০৫নং সয়ার ইউপি :**<br>চেয়ারম্যান, ৫নং সয়ার ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম গতিশীল করণে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, সয়ার ইউপি। |
| ১৬ | আলহাজ্ব মোঃ আতিয়ার রহমান, তারাগঞ্জ, রংপুর সরকারের নির্দেশনা অনুযায়ী সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন। | - | এম.পি মহোদয়ের প্রতিনিধি। |
| ১৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :**<br>জনাব মোছাঃ সাবিনা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলার উন্নয়নে সংশ্লিষ্ট সকল এবং বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। | - | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ :**<br>জনাব মোঃ গোলাম ছাইদেল কাওনাইন, ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। | - | - |

১৯। বিবিধ :

(ক) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর জানান, উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক যাচাই প্রতিযোগিতা ২০২২ এর ব্যয় নির্বাহের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা চেয়ে আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক যাচাই প্রতিযোগিতা ২০২২ এর ব্যয় নির্বাহের জন্য রাজস্ব তহবিল হতে উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুরকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর দরিদ্রদের চিকিৎসাজনিত আর্থিক সহায়তার প্রদানের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে তিনি বলেন, নিম্নোক্ত ব্যক্তিদের দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হওয়ায় তাদের সুচিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদানের লক্ষে আবেদনকারীগণের আবেদনের বিপরীতে নিম্নোক্তভাবে সহায়তা প্রদানের সুপারিশ করেন :

| | |
|---|---|
| ১। জনাব ইয়াকুব আলী, হাড়িয়ারকুঠি | ১০,০০০/- |
| ২। সরবতী, ঘনিরামপুর, কুর্শা | ৩,০০০/- |
| ৩। শান্ত শিবু রায়, কাচনা, ইকরচালী | ৩,০০০/- |

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে আবেদনপত্রের বিপরীতে উল্লেখিত টাকা সহায়তা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, আলোচিত বিষয়ের উপর গৃহিত সিদ্ধান্তবলী যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি করতে সকল বিভাগীয় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হতে আহ্বান জানান। তিনি উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের জন্য পুনরায় অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনিছুর রহমান)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫৯২.০০০.০০.০০০.২৩- ৭৬ (১০০) তারিখ : ৩১.০১.২০২৩ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। জনাব আবুল কালাম মোঃ আহসানুল হক চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০, রংপুর-২ (তারাগঞ্জ-বদরগঞ্জ) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৪। জনাব/বেগম....................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৫। উপজেলা .......................................... অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
৭। জনাব ............................................... সদস্য, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

৩১/১/২৩

(মোঃ রাসেল মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
তারাগঞ্জ, রংপুর।
ফোনঃ ০৫২২৮-৫৬০০১
unotaraganj@gmail.com